



স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৬.০০৬.২১-৭৮

তারিখঃ ০১.০২.২০২১ ইং

প্রতি


নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ

বিষয়ঃ দরপত্র মূল্যায়নের সময় এলজিইডির আওতায় নিয়োজিত ঠিকাদারগণের চুক্তি বাস্তবায়ন সম্পর্কিত তথ্য (হালনাগাদকৃত) আমলে নেওয়া প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন পর্যায়ে সরকারি ক্রয়ের দরপত্র মূল্যায়নের সময় অনেক ক্ষেত্রে দরদাতা কর্তৃক Tender Capacity নিরূপণের লক্ষ্যে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি সঠিকভাবে দাখিল না করার ফলে সঠিকভাবে দরদাতার Tender Capacity নিরূপণ এবং সে অনুযায়ী দরপত্র মূল্যায়নে জটিলতা সৃষ্টি হয়। এ জটিলতা নিরসনের লক্ষ্যে, এলজিইডির আওতায় জেলা পর্যায়ে নিয়োজিত সকল ঠিকাদারগণের চুক্তি বাস্তবায়ন সম্পর্কিত তথ্য Excel File [Tenderers' Info Jan 2021] এ একীভূত করে অত্র চিঠির সাথে ইমেইল সংযুক্তি হিসেবে পাঠানো হ'ল; এছাড়াও উক্ত Excel File টি এলজিইডির ওয়েবসাইটের প্রকিউরমেন্ট সেকশনের Document অংশে হোস্ট করা হয়েছে। সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি উক্ত Excel File ডাউনলোড করে Filter অপশন ব্যবহার করে সংশ্লিষ্ট দরদাতার ই-মেইল Select করার মাধ্যমে ঐ দরদাতার Tender Capacity নিরূপণের লক্ষ্যে চলমান কাজের তথ্য সংগ্রহ করতে পারবেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল পর্যায়ে সরকারি ক্রয়ের দরপত্র মূল্যায়নের সময় উক্ত Excel File ব্যবহারের মাধ্যমে সংগৃহীত তথ্য ও Tender Capacity নিরূপণের লক্ষ্যে দরদাতা কর্তৃক দাখিলকৃত উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি হতে প্রাপ্ত তথ্য সমন্বয় করে সংশ্লিষ্ট দরদাতার Tender Capacity নিরূপণপূর্বক মূল্যায়ন সম্পন্ন করতে বলা হ'ল। এছাড়াও, সংশ্লিষ্ট ক্রয়কারীর আওতায় চুক্তি বাস্তবায়নে নিয়োজিত সকল ঠিকাদারগণের হালনাগাদকৃত তথ্য সংযুক্তি ছকে [Excel Format-Soft Copy] প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ই-মেইলের [focal@lgi.gov.bd] মাধ্যমে পাঠানোর জন্য বলা হ'ল। উল্লেখ্য, কোন ক্রয়কারী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে তথ্য প্রেরণে ব্যর্থ হলে এর কারণে সৃষ্ট সমস্ত জটিলতার দায়দায়িত্ব তার উপর বর্তাবে।

সংযুক্তিঃ ১। Excel File – Tenderers' Info Jan 2021
২। সংযুক্তি ছক- Excel Format-Soft Copy



(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৬.০০৬.২১-৭৮/১ (৬)

তারিখঃ ০১.০২.২০২১ ইং

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,, বিভাগ, জেলাঃ.....।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,, অঞ্চল, জেলাঃ
- ৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি,, উপজেলা, জেলাঃ


(মোঃ আব্দুস সাত্তার)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd